খাদ্য প্রয়োগ মাত্রা

পুকুরে তেলাপিয়া মাছের মোট ওজনের শতকরা ৩-৫ ভাগ খাদ্য সমান ২ ভাগে ভাগ করে সকালে অর্ধেক ও বিকালে অর্ধেক খাওয়াতে হবে। যেমন: ১০০ কেজি তেলাপিয়ার জন্য প্রতিদিন ৩ কেজি খাবার প্রয়োজন হলে সকালে ১.৫ কেজি এবং বিকালে ১.৫ কেজি দিতে হবে।

খাদ্য প্রয়োগের সময়

তেলাপিয়া মাছ দিনের বেলায় খাদ্য গ্রহণ করে। সে কারণে মাছ চাষের পুকুরে প্রতি দিনের প্রয়োজনীয় খাবার সমান দুভাগ করে এক ভাগ সকাল ৯-১০ টায় এবং অপর ভাগ বিকেল ৪-৫ টায় প্রয়োগ করা উচিত।

খাদ্য প্রয়োগের সতর্কতা

- পরিমাণের চেয়ে বেশি খাবার দিলে অব্যবহৃত খাদ্য পচে পানি দূষিত হয়
- কম খাবার দিলে মাছ অপুষ্টিতে ভোগে এবং বৃদ্ধি কমে যায়
- পচা-বাসি খাবার দেওয়া উচিত নয়
- শীত মৌসুমে খাদ্যের পরিমাণ গ্রীষ্মকালের অর্ধেক বা তার একটু বেশি দিতে হয়